

## সমাজ পরিবর্তনের হাতিয়ার স্কাউট আন্দোলন || রাষ্ট্রপতি

জনকর্ত ডেক্স || রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সমাজ পরিবর্তনের হাতিয়ার হিসেবে স্কাউট আন্দোলনকে ব্যবহার করার জন্য স্কাউট নেতৃত্বন্দ, অভিভাবক, শিক্ষক, জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। বুধবার বিকেলে রাজধানীর বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে আয়োজিত বাংলাদেশ স্কাউটসের জাতীয় কাউন্সিলের ৪৮তম বার্ষিক সাধারণ সভায় (এজিএম) লিখিত ভাষণে তিনি এসব কথা বলেন। -খবর বাসসের।

রাষ্ট্রপতি বলেন, সমাজ পরিবর্তনের হাতিয়ার হিসেবে স্কাউট আন্দোলনকে ব্যবহার করা যেতে পারে। আনুষ্ঠানিক উপলক্ষ, সভা ও সেমিনার করে যা করা না যাবে, স্কাউট আন্দোলনের মাধ্যমে সেটি করা সম্ভব। রাষ্ট্রপতি বাংলাদেশ স্কাউটসের প্রধান রাষ্ট্রপতি অনিবার্য কারণবশত অনুষ্ঠানে যোগ দিতে না পারায় তার সচিব শ্যামাপদ বড়ুয়া স্কাউট কাউন্সিলের উদ্বোধনী অনুষ্ঠানে রাষ্ট্রপতির লিখিত বক্তব্য পাঠ করে শুনান। রাষ্ট্রপতি তার বক্তব্যে স্কাউট আন্দোলনকে দৃশ্যমান করতে যুগান্তকারী পদক্ষেপ নিতে স্কাউটার, স্কাউট নেতৃত্বন্দ এবং সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। তিনি দেশের স্কাউট আন্দোলনে স্কাউট সদস্য বৃদ্ধির পাশাপাশি স্কাউট কর্মকারের মান বজায় রাখার প্রয়োজনীয়তার ওপরও গুরুত্বারোপ করেন।

রাষ্ট্রপতি বলেন, আমি মনে করি, স্কাউট আন্দোলনে আপনাদের অবদান সকলে শুধুর সঙ্গে স্মরণ করবে এবং অন্যদের অনুপ্রাণিত করবে। বর্তমান উন্নয়ন টেকসই করতে সঠিক এবং যোগ্য নেতৃত্ব গড়ে তোলার কোন বিকল্প নেই। ফলে, নেতৃত্ব ও স্কাউটের বিকেন্দ্রিকরণের মাধ্যমে সৎ, দক্ষ ও যোগ্য নেতৃত্ব গড়ে তুলতে হবে। মানবিক মূল্যবোধ নিয়ে তরুণ প্রজন্মকে গড়ে তুলতে এবং তাদেরকে সন্ত্রাস, জঙ্গীবাদ, উগ্রবাদ ও প্রযুক্তির অপব্যবহার করা থেকে দূরে রাখতে হবে। স্কাউট আন্দোলন আজ বিশ্বব্যাপী ছড়িয়ে পড়েছে। শিশু-কিশোর ও যুবদের চরিত্রবান, আত্মপ্রত্যয়ী, দেশপ্রেমিক, সেবাপ্রায়ণ ও সুনাগরিক হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে এ আন্দোলন ব্যাপক ভূমিকা রেখে চলেছে। আমাদের শিশু কিশোর তরুণ যুবরাও স্কাউট কার্যক্রমে সম্পৃক্ত হয়ে দেশ গঠনে অবদান রাখছে। তারা দুর্যোগকালীন দ্রুত সাড়াদান, নিরাপদ সড়ক ক্যাম্পেইন, জঙ্গীবাদ ও মাদকবিরোধী বিভিন্ন কর্মসূচী পালন, হজ ক্যাম্প, স্যানিটেশন, বৃক্ষরোপণ ও পরিবেশ রক্ষার মতো সমাজ গঠনমূলক কাজে ভূমিকা রাখছে। এজন্য তিনি তাদেরকে ধন্যবাদ জানান।

**সাবধানবাণী:** বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

**সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক:** মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক প্লোব জনকর্ত  
শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্সেস লিঃ ও জনকর্ত লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডি.এ ৭৯৬।

**কার্যালয়:** জনকর্ত ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটন,  
জিপিও বাস্ট: ৩৩৮০, ঢাকা।

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মাল্লান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

ফোন: ৯৩৪ ৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),  
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
ই-মেইল: [janakanthanews@gmail.com](mailto:janakanthanews@gmail.com)  
ই-জনকর্ত: [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)